অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/13/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল, মেয়র অ্যাডামস SPARC কিপস বে-র জন্য পরিকল্পনা ঘোষণা করলেন, এটি স্বাস্থ্য ও লাইফ সায়েন্স উদ্ভাবনের জন্য এধরনের প্রথম চাকরি এবং শিক্ষা কেন্দ্র

সিটি ও স্টেটের ঐতিহাসিক বিনিয়োগ, CUNY-র সাথে অংশীদারিত্বে, নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্ক লাইফ সায়েন্স এবং জনস্বাস্থ্য ক্যারিয়ারের সুযোগের দিক থেকে বৈশ্বিক নেতা হয়ে থাকে

নতুন অত্যাধুনিক ব্রুকডেল ক্যাম্পাস নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীদের জন্য একটি ক্যারিয়ার পাইপলাইন তৈরি করবে এবং লাইফ সায়েন্স শিল্পের নোঙ্গর স্থাপনে সাহায্য করবে

প্রকল্পটি গভর্নর হোকলের নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা খাতের উন্নয়ন আরম্ভ করার ভিশনের সম্পূরক যার মধ্যে রয়েছে 620 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সায়েন্স উদ্যোগ, CUNY ও SUNY তে রেকর্ড বিনিয়োগ, স্বাস্থ্যসেবা কর্মীদের বোনাস কর্মসূচি

রেন্ডারিং এবং সাইট এলাকার মানচিত্র উপলভ্য এখানে

গভর্নর ক্যাথি হোকল এবং নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস আজকে বিজ্ঞান পার্ক এবং গবেষণা ক্যাম্পাস কিপস বে-র (Science Park and Research Campus Kips Bay, SPARC) জন্য পরিকল্পনা ঘোষণা করলেন, এটি একটি উদ্ভাবনী কেন্দ্র যা স্টেটের এধরনের প্রথম কেন্দ্র হবে। সিটি এবং স্টেটের একটি ঐতিহাসিক বিনিয়োগ দ্বারা চালিত SPARC কিপস বে নিউ ইয়র্ককে লাইফ সায়েন্স, স্বাস্থ্যসেবা এবং জনস্বাস্থ্যে পাওয়ার যোগ্য চাকরি তৈরি ও আকৃষ্ট করার বৈশ্বিক নেতা করে তুলবে, এইসব বর্ধিষ্ণু এবং অত্যাবশ্যকীয় ক্ষেত্রে স্থানীয় পাবলিক স্কুল থেকে ক্যারিয়ার পর্যন্ত একটি পাইপলাইন তৈরি করার মাধ্যমে।

"সিটির সাথে এই চুক্তির কল্যাণে, SPARC কিপস বে নিউ ইয়র্কের লাইফ সায়েন্স খাতকে একটি বড় সাহায্য প্রদান করবে, হাজার হাজার ভালো বেতনের চাকরি তৈরি করবে, শিক্ষায় বিনিয়োগ করবে এবং নিউ ইয়র্ককে এমন একটি স্থান বানাবে যেখানে চমৎকার হয়ে থাকে," **গভর্নর হোকল বলেন।** "আমার প্রশাসন জীবন রক্ষা করতে এবং নিউ ইয়র্ককে ভবিষ্যতের রূপান্তরকারী ক্ষেত্রসমূহের আবাস বানাতে নিবিড় মনোযোগী। এই প্রকল্পটি দ্বারা, আমরা একই সাথে উভয় লক্ষ্য অর্জন করবো।"

নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির (City University of New York, CUNY) সাথে একটি অংশীদারিত্বের মাধ্যমে, SPARC কিপস বে শহরের জন্য আগামী 30 বছরে আনুমানিক 25 বিলিয়ন মার্কিন ডলার অর্থনৈতিক প্রভাব সৃষ্টি করবে; 10,000 চাকরি সৃষ্টি করবে যার মধ্যে 2,000টি স্থায়ী চাকরি থাকবে; এবং ইস্ট 25 স্ট্রিট এবং ফার্স্ট অ্যাভিনিউয়ের হান্টার কলেজের (Hunter College) ব্রুকডেল ক্যাম্পাসকে (Brookdale Campus) একটি নতুন, অত্যাধুনিক শিক্ষাদান ও বাণিজ্যিক ফ্যাসিলিটিতে রূপান্তরিত করবে। প্রকল্পটি একটি সম্পূর্ণ সিটি ব্লককে রূপান্তর করে দিবে, যেখানে থাকবে 1.5 মিলিয়ন বর্গফুট একাডেমিক, জনস্বাস্থ্য ও লাইফ সায়েন্স স্পেস, যা কিপস বে-র লাইফ সায়েন্স পদচিহ্নকে দ্বিগুণের বেশি করবে, এবং ইস্ট 25 স্ট্রিটে একটি নতুন অ্যাক্সেসিবল পথচারী ব্রিজ পুনর্গঠন করবে যা ইস্ট রিভার এবং ম্যানহাটন ওয়াটারফ্রন্ট গেটওয়েকে (Manhattan Waterfront Greenway) সংযুক্ত করবে।

নিউ ইয়র্ক সিটি অর্থনৈতিক বিকাশ কর্পোরেশনের (New York City Economic Development Corporation, NYCEDC) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যান্ড্রু কিম্বল বলেন, "SPARC কিপস বে নিউ ইয়র্ক সিটির অর্থনৈতিক বিকাশের একটি যুগান্তকারী পন্থার প্রতিনিধিত্ব করে যেখানে আমরা এমন ক্লাস্টার গঠন করি যেখানে বাণিজ্য ও স্কুল পাশাপাশি থাকে এবং CUNY ও নিউ ইয়র্ক সিটি শিক্ষা বিভাগ (New York City Department of Education, DOE) শিক্ষার্থীদের জন্য আজকের ও আগামীকালের উদ্ভাবনী খাতসমূহের জন্য ক্যারিয়ার পথ প্রদান করে। এটি শুধু অর্থনৈতিক বিকাশের সম্পূর্ণ নতুন একটি উপায় নয়, বরং স্টেটের সাথে একটি দুর্দান্ত অংশীদারিত্বও। একত্রে,আমরা বৈচিত্র্যময় প্রতিভার একটি নজিরবিহীন পাইপলাইন তৈরি করছি যা আমাদের সিটিকে ভবিষ্যতের স্বাস্থ্য জরুরি অবস্থার জন্য প্রস্তুত করবে এবং একইসাথে সাথে নতুন ওষুধ, চিকিৎসা যন্ত্র,উদ্ভাবনী থেরাপি এবং অসুস্থ মানুষের চিকিৎসার জন্য অন্যান্য পণ্য অগ্রসর করবে এবং জীবন ও চিকিৎসাসেবার উন্নয়ন করবে। NYCEDC আত্মবিশ্বাসী যে এই ঐতিহাসিক বিনিয়োগ স্বাস্থ্য ও লাইফ সায়েন্স খাতসমূহকে বিকশিত করবে, আমাদের অর্থনীতিকে বৈচিত্র্যময় করবে এবং এর দীর্ঘমেয়াদি স্থিতিস্থাপকতাকে সমর্থন করবে।"

নিউ ইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস বলেন, "কিপস বে-র এই নতুন বিজ্ঞান পার্ক ও গবেষণা ক্যাম্পাসটি শুধু লাইফ সায়েন্স শিল্পের একটি কেন্দ্র এবং এলাকার একটি নোঙ্গর হবে না, ব্রেন্ট এটি আমাদের শহরের তরুণদের ভবিষ্যতের জন্য একটি সেতু হিসেবে কাজ করবে। SPARC কিপস বে একটি সম্পূর্ণ সিটি ব্লককে একটি অত্যাধুনিক লাইফ সায়েন্স শিল্পের গন্তব্যে এবং এমন একটি স্থানে পরিণত করবে যেখানে কর্মীবাহিনীর বিকাশ, অর্থনৈতিক সুযোগ এবং জনস্বাস্থ্য নির্বিঘ্নে একত্রিত হয়, যা ব্যবসাসমূহকে আকৃষ্ট করবে এবং নিউ ইয়র্কবাসীদের উত্থিত করবে যাতে করে আমাদের সিটি আগের থেকেও বলিষ্ঠ হয়ে উঠে এবং আগামী তিন দশক ধরে আমাদের সিটিতে 25 বিলিয়ন মার্কিন দলের নতুন অর্থনৈতিক কর্মকাণ্ডের সৃষ্টি করে। ‘কাজ শেষ করার (Get Stuff Done)’ জন্য আমাদের সকল অংশীদারের স্বপ্ন এবং দলবদ্ধ কাজের জন্য সকলকে ধন্যবাদ।"

বাজেট পরিচালক রবার্ট এফ.মুজিকা জুনিয়র বলেন, "এগুলি হলো চাকরি তৈরি করতে, আমাদের তরুণদের শিক্ষাদান করতে এবং জনস্বাস্থ্য ও নিরাপত্তা সুরক্ষায় সাহায্য করতে

গুরুত্বপূর্ণ বিনিয়োগ। এছাড়াও তারা স্টেট এবং সিটির মধ্যকার একটি উৎপাদনশীল অংশীদারিত্বের প্রতিনিধিত্ব করে এবং গভর্নর হোকল বর্তমান স্টেট বাজেটে অর্থনৈতিক বিকাশ, শিক্ষা ও স্বাস্থ্যসেবায় যেই উল্লেখযোগ্য বিনিয়োগ করেছেন তার সম্পূরক।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার হোপ নাইট বলেন, "এই প্রকল্পটি নিউ ইয়র্কের উদ্ভাবনী DNA-র প্রতিনিধি, এটি আমাদের প্রথম শ্রেণীর উচ্চতর শিক্ষার সম্প্রদায়কে ব্যবহার করে একটি প্রতিভার আধার গঠন করবে যা স্টেটের বিশ্বমানের লাইফ সায়েন্স শিল্পকে বিকশিত করবে। কর্মীবাহিনী বিকাশে আমাদের কৌশলগত বিনিয়োগ এবং মনোযোগ নিউ ইয়র্কবাসীদের জন্য একটি বিজয়ী সূত্র হিসেবে কাজ করছে; এটি চাকরি তৈরি করছে, অর্থনৈতিক সুযোগ প্রদান করছে এবং স্টেটব্যাপী অর্থনীতিকে জোরদার করছে।"

নিউ ইয়র্ক সিটির ফার্স্ট ডেপুটি মেয়র লোরাইন গ্রিলো বলেন, "এটি সত্যিই একটি রূপান্তরকারী প্রকল্প যা হাই স্কুল, আন্ডার গ্র্যাজুয়েট, গ্র্যাজুয়েট, এবং পোস্ট গ্র্যাজুয়েট শিক্ষার্থী, জনস্বাস্থ্য প্রতিষ্ঠান এবং বায়োটেক কোম্পানিসমূহের জন্য একটি অত্যাধুনিক স্থান তৈরি করে।" "এটি নিউ ইয়র্কবাসীদের অনেক প্রজন্মের জন্য ক্যারিয়ার সুযোগের একটি পথ তৈরি করে দিবে।"

নিউ ইয়র্ক সিটির অর্থনৈতিক ও কর্মীবাহিনী বিকাশের ডেপুটি মেয়র মারিয়া টোরেস-স্প্রিঙ্গার বলেন, "আজকে আমাদের সিটি ও আমাদের মানুষের জন্য সুযোগের একটি নতুন যুগের সূচনা চিহ্নিত হলো। SPARC কিপস বে-র রূপান্তরকারী নূতন ক্যাম্পাস একাডেমিয়া ও শিল্পকে একত্রে আনবে এবং নিউ ইয়র্ক সিটিকে লাইফ সায়েন্স ও জনস্বাস্থ্যের জন্য বিশ্বের শীর্ষ শহর হয়ে উঠতে সাহায্য করবে। অনসাইটে পরিকল্পিত কর্মসূচি ও স্থানের সম্মিলনে, আমাদের কাছে একটি সত্যিকারের অনন্য সুযোগ রয়েছে স্থানীয় প্রতিভাকে লাইফ সায়েন্স, স্বাস্থ্যসেবা এবং জনস্বাস্থ্যে হতে থাকা উদ্দীপক ও প্রভাবশালী কাজের কেন্দ্রে স্থাপন করার এবং তাদেরকে এইসব ক্যারিয়ারে যোগদানের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করার।"

নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য ও মানবসেবার (Health and Human Services) ডেপুটি মেয়র অ্যান উইলিয়ামস-আইসম বলেন, "SPARC কিপস বে ক্যাম্পাস স্বাস্থ্য ও লাইফ সায়েন্স ক্ষেত্রে সেরা ও উজ্জ্বলতমদের আকৃষ্ট করতে ও ধরে রাখতে সাহায্য করবে," বলেন। "এটি উদ্ভাবন এবং সহযোগিতার বাড়ি এবং এইসব বর্ধনশীল গুরুত্বপূর্ণ বিষয়ে আগামী প্রজন্মের পেশাদারদের শিক্ষাদানের কেন্দ্রবিন্দু হয়ে উঠবে। সিটি এবং স্টেটজুড়ে সকল দলকে এবং একইসাথে বিজ্ঞান ও ব্যবসা সম্প্রদায়সমূহের সকলকে ধন্যবাদ এই পরিকল্পনাকে কাজে পরিণত করতে একত্রিত হওয়ার জন্য।"

SPARC কিপস বে বৈজ্ঞানিক গবেষণা এবং স্বাস্থ্যসেবা কর্মীবাহিনীর আগামী প্রজন্মের আবাদ করবে, একটি নতুন পাবলিক হাই স্কুল, স্বাস্থ্যসেবা কেন্দ্রিক CUNY স্কুল, উদ্ভাবনী স্বাস্থ্য ও বায়োটেক কোম্পানি এবং সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানসমূহকে স্থান প্রদান করে একটি একক ক্যাম্পাস তৈরি করবে, যা নিউ ইয়র্ক সিটির হাই স্কুল, আন্ডার গ্র্যাজুয়েট এবং পোস্ট গ্র্যাজুয়েট শিক্ষার্থীদের জন্য ভালো বেতনের ক্যারিয়ারের পথ প্রদান করবে। CUNY অ্যাক্সেসিবল ডিগ্রি

প্রদান করবে এবং জনস্বাস্থ্য ও মেডিকেল গবেষণায় শিক্ষা কর্মসূচি অব্যাহত রাখবে, যার মধ্যে রয়েছে মহামারীর সাড়াদানকারী ও গবেষক, যারা টিকা বিকাশে সাহায্য করেছে, তাদের দ্বারা অনুপ্রাণিত বহু, তরুণ নিউ ইয়র্কবাসী।

ক্যারিয়ার সুযোগের ব্যাপ্তি হবে ডাক্তার ও নার্স থেকে শুরু করে বায়োকেমিস্ট ও প্রকৌশলী পর্যন্ত, এবং একইসাথে লাইফ সায়েন্স ও স্বাস্থ্যসেবার ক্ষেত্রে বিভিন্ন ধরনের সমর্থক পদ যেমন ব্যবসা ব্যবস্থাপক, উকিল এবং প্রশাসনিক সহকারী। নতুন প্রতিভার বিকাশের সাথে সাথে আসবে নতুন গবেষণা, যা অনুবাদ হবে আরো কোম্পানি, চাকরি, ওষুধ, এবং আধুনিক প্রযুক্তিতে, যা নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্ক সিটি আমাদের সময়ের সর্বাপেক্ষা জরুরি সরকারি স্বাস্থ্য সমস্যাগুলির কয়েকটির চিকিৎসা ও নিরাময় বিকাশে নেতৃত্ব দিতে পারে।

পাশাপাশি, SPARC কিপস বে একটি আরো গতিশীল ও স্থিতিস্থাপক নিউ ইয়র্ক সিটি অর্থনীতি গঠনে অতি গুরুত্বপূর্ণ হবে। নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্যসেবা খাত 750,000-র বেশি নিউ ইয়র্কবাসীকে চাকরি প্রদান করে, এবং মেট্রোপলিটন এলাকার লাইফ সায়েন্স খাত একটি দ্রুত বর্ধনশীল শিল্প যেখানে গত বছর প্রায় 150,000 অতিরিক্ত চাকরি সৃষ্টি হয়েছে। সিটির অনুমান অনুযায়ী ক্যাম্পাসটির নতুন বাণিজ্যিক গবেষণা স্পেস প্রায় 2,000 মানসম্পন্ন চাকরি তৈরি করবে এবং নতুন কোম্পানি ও স্টার্টআপকে আকৃষ্ট করবে, যার ফলে স্বাস্থ্যসেবা ও লাইফ সায়েন্স ক্ষেত্রে অতিরিক্ত ভালো বেতনের চাকরি সৃষ্টি হবে।

নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির চ্যান্সেলর ফেলিক্স ভি. ম্যাটোস রড্রিগেজ বলেন, "কোভিড-19 প্রমাণ করেছে নিউ ইয়র্কের সরকারি হাসপাতাল, গবেষণা প্রতিষ্ঠান এবং CUNY আমাদের শহরের টিকে থাকা ও সুস্থতার জন্য কতটা গুরুত্বপূর্ণ। যার ফলে, গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের CUNY-র সাথে দলবদ্ধ হয়ে হান্টার কলেজের ব্রুকডেল ক্যাম্পাসকে একটি সরকারি স্বাস্থ্য ও শিক্ষা কেন্দ্রে রূপান্তর করা যুতসই, যাতে করে আমাদের শিক্ষার্থী, ফ্যাকাল্টি এবং সকল নিউ ইয়র্কবাসীদের প্রয়োজন আরো ভালোভাবে পূরণ করা যায়। প্রতি বছর, CUNY প্রায় 40,000 শিক্ষার্থীকে স্বাস্থ্য ও মানবসেবা কর্মসূচিসমূহে ভর্তি করে, এবং এই অত্যাধুনিক ফ্যাসিলিটিটি তাদেরকে নিউ ইয়র্কের বর্ধনশীল লাইফ সায়েন্স এবং জনস্বাস্থ্য খাতে কাজ করার জন্য প্রস্তুত করবে এবং একইসাথে আমাদের অর্থনীতিকে সাহায্য করার জন্য এইসব ক্ষেত্রে অতি প্রয়োজনীয় চাকরি সৃষ্টি করবে। CUNY এই অংশীদারিত্বের অংশ হতে পেরে গর্বিত, যা নিউ ইয়র্ককে মহামারী থেকে ন্যায্যভাবে পুনরুদ্ধারে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারপার্সন উইলিয়াম সি. টম্পসন জুনিয়র বলেন, "এই অতি প্রয়োজনীয় নতুন ফ্যাসিলিটিটি CUNY-কে আমাদের স্বাস্থ্যসেবা ও কর্মীবাহিনী বিকাশের কর্মসূচি সম্প্রসারণ করতে দিবে, শিক্ষার্থীদের এইসব বর্ধনশীল শিল্পে ইন্টার্নশিপ ও চাকরির সাথে যুক্ত করে দিবে, এবং আমাদের বলিষ্ঠ ও বর্ধনশীল লাইফ সায়েন্স রিসার্চ ধারণক্ষমতা আরো বিস্তৃত করবে। আমি গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের প্রতি কৃতজ্ঞ CUNY-কে এই নতুন, প্রাণবন্ত ডেভেলপমেন্টের নোঙ্গর করার জন্য, যা আমাদের সিটির ভবিষ্যৎ সাফল্যের জন্য অতি গুরুত্বপূর্ণ হবে।"

নিউ ইয়র্ক সিটি ইউনিভার্সিটির উন্নত বিজ্ঞান গবেষণা কেন্দ্র কাঠামোবদ্ধ জীববিজ্ঞান উদ্যোগের (Advanced Science Research Center Structural Biology Initiative) পরিচালক কেভিন এইচ. গার্ডেনার, Ph.D, বলেন, "এমনকি আমাদের ডিজিটালভাবে যুক্ত সময়েও, অসাধারণ মানুষ, চিন্তা ও ধারণা সান্নিধ্যে, পাশাপাশি কাজ করলে এবং একে অন্যের আশেপাশে থাকলে বিকশিত হয়। SPARC কিপস বে প্রকল্পটি উদ্ভাবনী উপায়ে বায়োমেডিসিনের সকল মুখ্য কর্মকাণ্ডের জন্য একটি নতুন স্থান গঠন করে, চিকিৎসাসেবা থেকে গবেষণা ও প্রশিক্ষণ পর্যন্ত, আবিষ্কার থেকেই প্রয়োগ পর্যন্ত, যাতে করে বিভিন্ন স্থানে ছড়িয়ে না থেকেই এই সব একই ছাদের নিচে হতে পারে।এখানে দারুণ সব কাজ হতে যাচ্ছে, রোগীদের চিকিৎসা থেকে শুরু করে ধারণাকে অনুশীলনে পরিণত করা এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীদের আগামী প্রজন্মকে শিক্ষাদান করা।"

NYC হেলথ + হাসপাতালের (NYC Health + Hospitals, H+H) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মিচেল ক্যাটজ, MD, বলেন, "NYC হেলথ + হাসপাতাল SPARC কিপস বে-র একটি অংশ হতে পেরে গর্বিত, আমরা বেলিভিউ হাসপাতালের প্রধান সেবা ক্লিনিক বিস্তৃত করছি এবং আমাদের কর্মচারী ও CUNY শিক্ষার্থীদের জন্য একটি নতুন ক্লিনিক্যাল সিমুলেশন কেন্দ্র যোগ করছি। আমাদের স্বাস্থ্য ব্যবস্থা এই নতুন ক্যাম্পাসে একটি গতিশীল ভূমিকা পালন করবে যেহেতু আমরা রোগী এবং ভবিষ্যতের নার্স ও চিকিৎসকদের এখানে জড়িত করবো।"

নিউ ইয়র্ক সিটির শিক্ষা বিভাগের চ্যান্সেলর ডেভিড সি. ব্যাঙ্কস বলনে, "আমাদের শিক্ষার্থীদের একটি স্পষ্ট পথ প্রদান করা এবং একটি ফলপ্রসূ ক্যারিয়ার ও দীর্ঘমেয়াদি অর্থনৈতিক নিরাপত্তার প্রস্তুতি প্রদান করা আমাদের ধ্রুবতারা। SPARC কিপস বে হবে আমাদের সরকারি স্কুলসমূহ, CUNY, আশেপাশের স্বাস্থ্য ও বায়োটেক শিল্প এবং সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানের মধ্যে একটি নজিরবিহীন সহযোগিতামূলক কাজ যা আমাদের হাই স্কুলের শিক্ষার্থীদেরকে একটি অর্থপূর্ণ ক্যারিয়ারের পথ প্রদান করবে। আমি খুশি যে এই সুযোগটি আমাদের আরো বেশি শিক্ষার্থীদেরকে একবিংশ শতাব্দীর অর্থনীতি এবং ভবিষ্যতের সুযোগের জন্য প্রস্তুত করবে।"

নিউ ইয়র্ক সিটির স্কুল নির্মাণ কর্তৃপক্ষের (New York City School Construction Authority) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা নিনা কুবোটা বলেন, "এই উচ্চাকাঙ্ক্ষী প্রকল্পটি ক্রস-এজেন্সি সহযোগিতার আরেকটি উদাহরণ যার নেতৃত্ব দিচ্ছেন মেয়র অ্যাডামস এবং গভর্নর হোকল এবং যা কিপস বে এলাকাকে আগামী প্রজন্মগুলির জন্য রূপান্তর করে দিবে। এই লাইফ সায়েন্স এবং জনস্বাস্থ্য ক্যাম্পাসের অংশ হিসেবে একটি অত্যাধুনিক স্কুল যোগ করার ফলে এইসব বর্ধনশীল শিল্পসমূহে ক্যারিয়ার গড়তে আগ্রহী শিক্ষার্থীদের জন্য নতুন, আকর্ষণীয় সুযোগ প্রদান করা হবে।"

নিউ ইয়র্ক সিটির সিটি পরিকল্পনা বিভাগের (New York City Department of City Planning) পরিচালক ও সিটি পরিকল্পনা কমিশনের (City Planning Commission) প্রধান ড্যান গার্ডোনিক বলেন, "নিউ ইয়র্ক সিটি অঞ্চলটি দেশকে লাইফ সায়েন্স চাকরির দিক দিয়ে নেতৃত্ব দিচ্ছে, এবং এই প্রকল্পটি দ্বারা আমরা আমাদের স্কোর বাড়িয়ে যাবো। নতুন এই কেন্দ্রটি একটি স্বাস্থ্যসেবা করিডোরে নিখুঁতভাবে অবস্থিত হবে যেখানে হাসপাতাল, গবেষণাগার, স্কুল এবং সরকারি স্বাস্থ্য ফ্যাসিলিটি রয়েছে, এমন একটি শহরে যেখানে নতুন উদ্ভাবনকে জীবন দান

করার জন্য সকল প্রতিভা রয়েছে। এটি এলাকাটির জন্য রূপান্তরকারী এবং নিউ ইয়র্কের জন্য একটি বিশাল বিজয়।"

নিউ ইয়র্ক সিটির মেয়রের প্রতিভা ও কর্মীবাহিনী বিকাশ অফিসের (New York City Mayor's Office of Talent and Workforce Development) নির্বাহী পরিচালক অ্যাবি জো সিগাল বলেন, "SPARC কিপস বে নির্মাণে সরকারি বেসরকারি বিনিয়োগ নিউ ইয়র্কবাসীর জন্য অর্থনৈতিক সচলতা তৈরির সুযোগ সৃষ্টি করবে এবং আমাদের অর্থনীতিকে সমৃদ্ধ হতে সাহায্য করবে। অনসাইট প্রশিক্ষণ কেন্দ্রগুলি এবং সরকারি হাই স্কুলটি CUNY এবং DOE শিক্ষার্থীদের ক্যারিয়ার-সংযুক্ত শেখার সুযোগ প্রদান করবে যা তাদের পেশাদারি সাফল্যের জন্য গুরুত্বপূর্ণ এবং লাইফ সায়েন্স ও স্বাস্থ্যসেবা শিল্পখাতগুলির চাকরিদাতাদের NYC বাসিন্দাদের দুর্দান্ত প্রতিভা ব্যবহার করার একটি সুযোগ প্রদান করবে।"

নিউ ইয়র্ক সিটির প্রধান মেডিকেল পরীক্ষক ডাঃ জ্যাসন গ্রাহাম বলেন, "কিপস বে এক শতাব্দীর বেশি সময় ধরে OCME-র বাড়ি, এবং আমাদের নতুন ফরেনসিক প্যাথলজি কেন্দ্র নিয়ে, আমরা ফরেনসিক বিজ্ঞানের আবিষ্কার ও উদ্ভাবনের জন্য একটি বৈশ্বিক নেতা হিসেবে এই এলাকার নতুন অধ্যায় শুরু হতে দেখতে পেরে আনন্দিত। আমাদের অত্যাধুনিক ফ্যাসিলিটিটি ডাক্তার ও বিজ্ঞানীদের সমর্থন করবে যারা জনস্বাস্থ্য ও নিরাপত্তার এই প্রতিচ্ছেদক সময়ে কাজ করে যাচ্ছে যাতে নিশ্চিত করা যায় যে আমরা বোর্ড-প্রত্যয়িত ফরেনসিক প্যাথলজিস্ট তৈরি করার ক্ষেত্রে দেশকে নেতৃত্ব দিচ্ছি, এমন একটি সময়ে যখন এই মেডিকেল উপবিশেষত্ব অতি গুরুত্বপূর্ণভাবে প্রয়োজন।"

SPARC কিপস বে-র নোঙ্গর করা হবে হান্টার নার্সিং স্কুল (Hunter School of Nursing) এবং হেলথ প্রফেশন্স স্কুল (School of Health Professions), CUNY পাবলিক হেলথ এবং হেলথ পলিসি গ্র্যাজুয়েট স্কুল (CUNY Graduate School of Public Health and Health Policy), এবং ম্যানহাটন বরো কমিউনিটি কলেজের (Borough of Manhattan Community College) স্বাস্থ্যসেবা কর্মসূচির 4,500-র বেশি শিক্ষার্থীদের নিয়ে একটি নতুন, আধুনিক ফ্যাসিলিটি দ্বারা। কেন্দ্রে এছাড়াও থাকবে:

- একটি H+H/বেলিভিউ অ্যাম্বুলেটরি কেয়ার সেন্টার যেখানে স্ক্রিনিং, একদিনের চিকিৎসাকাজ, রোগনির্ণয় এবং প্রতিরোধমূলক সেবা প্রদান করা হবে;
- একটি H+H সিমুলেশন প্রশিক্ষণ কেন্দ্র যা CUNY শিক্ষার্থী ও অন্যান্যদের রোগীদের দৃশ্যকল্প সিমুলেট করতে, নকল অপারেটিং কক্ষ এবং লেবার ও ডেলিভার কক্ষ ব্যবহার করতে দিবে।
- একটি DOE হাই স্কুল যেখানে হাতে কলমে স্বাস্থ্যসেবা ও বিজ্ঞান শিক্ষাদান করা হবে যাতে শিক্ষার্থীদেরকে এইসব বর্ধনশীল খাতের জন্য প্রস্তুত করা যায়।
- একটি নতুন প্রধান মেডিকেল পরীক্ষক অফিসের (Office of Chief Medical Examiner, OCME) ফরেনসিক প্যাথলজি সেন্টার (Forensic Pathology Center), যেখানে 150 জন কাজ করে এবং যা ফরেনসিক প্যাথলজিস্টদের জন্য একটি জাতীয়ভাবে শীর্ষস্থানীয় প্রশিক্ষণ ফ্যাসিলিটি, যেখানে 24/7, সারাবছর, কাজ হয়ে থাকে।

SPARC কিপস বে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের একটি লিগেসি অব্যাহত রাখবে যাতে করে নিউ ইয়র্ককে এর লাইফ সায়েন্স শিল্প বিকাশে সাহায্য করা যায়। আগামী এক বছর ধরে, সিটি এবং NYCEDC, স্টেট এবং CUNY-র সাথে একত্রে কাজ করে একটি মূল পরিকল্পনা প্রক্রিয়ায় নেতৃত্ব দিবে যার ফলাফল হবে একটি ধারণামূলক সাইট পরিকল্পনা যা প্রকল্পটি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সাইটের অবকাঠামো চাহিদা, ভবন ম্যাসিং, খোলা স্থান এবং শহুরে নকশা, এবং সম্ভাব্য জোনিং ও অন্যান্য এনটাইটেলমেন্ট পরিবর্তন সনাক্ত করবে। পরিকল্পনা প্রক্রিয়াটি সম্প্রদায়কে এবং এই বিষয়ের অভিজ্ঞদের জড়িত করে অবগত করা হবে, এবং স্থাপত্য, আর্বান পরিকল্পনা, এবং প্রকৌশল ফার্ম স্কিডমোর, ওয়িংস এবং মেরিল (Skidmore, Owings & Merrill) দ্বারা সমর্থিত হবে।

এই সরকারি-বেসরকারি অংশীদারিত্বটি নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা ও লাইফ সায়েন্স শিল্পখাতসমূহে বিকাশ ও উদ্ভাবন বৃদ্ধি করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির উপর আলোকপাত করে। গভর্নর নিউ ইয়র্ক স্টেটের 620 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সায়েন্স উদ্যোগ অগ্রসর করে চলেছেন যাতে করে অত্যাধুনিক স্বাস্থ্যসেবা সমাধান তৈরিতে ইন্ধন প্রদান করা যায় এবং স্টেটের গবেষণা বাণিজ্যিকীকরণ ক্ষমতাকে সম্প্রসারণ করা যায়। এই উদ্যোগে রয়েছে একটি 40 মিলিয়ন মার্কিন ডলারের নিউ ইয়র্ক স্টেট বায়োডিফেন্স বাণিজ্যিকীকরণ তহবিল, যা কোভিড-19 মহামারীর সাড়াদান করতে তৈরি করা হয় নিউ ইয়র্কের গবেষণা ও বিকাশ সম্পদ ও অভিজ্ঞতা ব্যবহার করার জন্য।

পৃথকভাবে, গভর্নর হোকল স্টেটের 350 মিলিয়ন মার্কিন ডলারের লং আইল্যান্ড বিনিয়োগ তহবিল (Long Island Investment Fund) থেকে ফাইনস্টিন মেডিকেল রিসার্চ ইনস্টিটিউটকে (Feinstein Institutes for Medical Research) প্রথম অনুদান প্রদান করেছেন এবং আসন্ন সপ্তাহগুলিতে তহবিলের মাধ্যমে একটি 50 মিলিয়ন মার্কিন ডলারের লাইফ সায়েন্স ব্যবসা প্রস্তাব পরিকল্পনার প্রতিযোগিতার পরিকল্পনা করছেন। এছাড়াও গভর্নর স্টেটের আইনসভার সাথে কাজ করে CUNY এবং নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) স্কুলগুলির ক্যাপিটাল উন্নয়নের জন্য রেকর্ড 2.2 বিলিয়ন মার্কিন ডলার এবং এই বছরের বাজেটের অংশ হিসেবে পরিচালনার ব্যয়ের জন্য অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার নিশ্চিত করেছেন। এবং আগস্ট মাসে,গভর্নর একটি 1.3 বিলিয়ন মার্কিন ডলারের স্বাস্থ্যসেবা ও মানসিক হাইজিন কর্মী বোনাস কর্মসূচি (Health Care and Mental Hygiene Worker bonus program) শুরু করেছেন যাতে নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা খাতে সেরা প্রতিভাবানদের নিয়োগ প্রদান করা ও ধরে রাখা যায়।

SPARC কিপস বে-র জন্য আনুমানিক 1.6 বিলিয়ন মার্কিন ডলার খরচ হবে এবং এটি সিটি এবং স্টেটের দ্বারা যৌথভাবে অর্থায়িত হবে, সাথে থাকবে অতিরিক্ত বেসরকারি বিনিয়োগ। SPARC কিপস বে-র কাজ 2026 সালে শুরু হবে এবং 2031 সালের শেষের দিকে শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

প্রতিনিধি ক্যারোলিন ম্যালোনি বলেন, "অনেক বছর ধরে, এই সম্প্রদায় এই সাইটে একটি বড় লাইফ সায়েন্স কেন্দ্রের পক্ষে কথা বলেছে, এবং আমি আনন্দিত যে সেই দিনটি অবশেষে

চলে এসেছে। যেহেতু সেরা কিছু মেডিকেল স্কুল, সরকারি হাসপাতাল এবং গবেষণা কেন্দ্র কাছেই অবস্থিত, তাই একটি অত্যাধুনিক লাইফ সায়েন্স শিক্ষা ক্যাম্পাস স্থাপনের জন্য এর থেকে ভালো স্থান আর হতে পারে না। আমরা যদি স্বাস্থ্যসেবা পেশার ক্ষেত্রে জাতীয় নেতার পদ ধরে রাখতে চাই, তাহলে আমাদেরকে এই ধরনের বিনিয়োগ করতে হবে এবং প্রতিভাবান নিউ ইয়র্কবাসীদেরকে স্বাস্থ্যসেবা খাতে নিয়ে আসার পাইপলাইন তৈরি করতে হবে।"

অ্যাসেম্বলি সদস্য রিচার্ড গটফ্রিড বলেন, "এই প্রচেষ্টাটি নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা এবং ক্যারিয়ারের সুযোগ জোরদার করবে, বিশেষ করে নিউ ইয়র্কের মেডিসিনে বৈচিত্র্যের কর্মসূচিতে (Diversity in Medicine program) সম্প্রসারণের সাথে সম্মিলিত হয়ে। এছাড়াও এটি সরকারি শিক্ষা ও সরকারি উচ্চতর শিক্ষার জন্য একটি গুরুত্বপূর্ণ বিনিয়োগ।"

নিউ ইয়র্ক সিটির পরিষদ সদস্য কিথ পাওয়ার্স বলেন, "ব্রুকডেলের ভবিষ্যৎ নিয়ে বহু বছরের অনিশ্চয়তার পর, আজকে নিউ ইয়র্ক সিটির জন্য একটি বড় সুযোগের সূচনা হলো। আমাদের সিটি যাতে লাইফ সাইন্সের একজন নেতা হয়ে থাকে এবং আমাদের পরবর্তী প্রজন্ম যাতে এই অত্যাধুনিক শিল্পখাতসমূহের নেতৃত্বদানে প্রস্তুত থাকে, তা অতি গুরুত্বপূর্ণ। এই প্রক্রিয়াটি চলাকালে, আমি জনমত গ্রহণ করতে, আমার সহকর্মীদের সাথে মিলে এই প্রস্তাবনার পর্যালোচনা করতে, এবং সম্প্রদায়ের সাথে গুরুত্বপূর্ণ আলোচনা করতে উন্মুখ।"

1199SEIU ইউনাইটেড হেলথকেয়ার ওয়ার্কার্স ইস্টের (1199SEIU United Healthcare Workers East) প্রেসিডেন্ট জর্জ গ্রিশাম বলেন, "লাইফ সায়েন্স স্বাস্থ্যসেবা, চাকরি এবং একটি বর্ধনশীল অর্থনীতির ভবিষ্যতের জন্য অত্যাবশ্যকীয়। নিউ ইয়র্ক সিটির কাছে অত্যাধুনিক মেডিকেল গবেষণা ও প্রশিক্ষণের বৈশ্বিক কেন্দ্র হয়ে উঠার সংস্থান রয়েছে যা পুরো অঞ্চলে ভালো, ইউনিয়ন চাকরি এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য একটি আশীর্বাদ হয়ে আসবে। CUNY আগামীদিনের স্বাস্থ্যসেবা কর্মীদের প্রশিক্ষণের অবিচ্ছেদ্য অংশ যেখানে বহু 1199SEIU সদস্য পড়াশোনা করে, আমাদের প্রশিক্ষণ ও উন্নয়ন তহবিলের সমর্থনে। আমরা এই উদ্যোগে মেয়র অ্যাডামস ও গভর্নর হোকলের সাথে অব্যাহত সহযোগিতার জন্য উন্মুখ, নিউ ইয়র্কে স্বাস্থ্যসেবা প্রদানকে বলীয়ান করবে।"

গ্রেটার নিউ ইয়র্কের বিল্ডিং এবং কনস্ট্রাকশন ট্রেডস পরিষদের (Building and Construction Trades Council of Greater New York) প্রেসিডেন্ট গ্যারি লাবার্বারা বলেন, "যখন নিউ ইয়র্ক মহামারী থেকে বের হয়ে আসছে, তখন অতি গুরুত্বপূর্ণ বিকাশ প্রকল্পসমূহে অব্যাহত বিনিয়োগ অতি গুরুত্বপূর্ণ যা শুধু আমাদের স্বাস্থ্যসেবা এবং লাইফ সায়েন্স অবকাঠামোকে উন্নত করবে না, বরং হাজার হাজার ভালো বেতনের চাকরি এবং আমাদের কর্মজীবী শ্রেণীর মানুষদের জন্য ক্যারিয়ারের সুযোগ সৃষ্টি করবে। কিপস বে-র এই নতুন জনস্বাস্থ্য ও শিক্ষা কেন্দ্রটি আরো একটি প্রকল্প যা নিউ ইয়র্ককে লাইফ সায়েন্স এবং স্বাস্থ্যসেবার নেতা হিসেবে প্রতিষ্ঠিত করবে এবং পরিশ্রমী নিউ ইয়র্কবাসীদের জন্য মধ্যবিত্ত ক্যারিয়ার-পথ পাওয়ার সুযোগ করে দিবে। আমরা মেয়র অ্যাডামস ও গভর্নর হোকলের প্রশংসা করছি এইসব উদ্যোগ অগ্রসর করতে তাদের অব্যাহত প্রতিশ্রুতির জন্য, যা আমাদের সিটিকে আরো ভালোভাবে ফেরত আসার এবং সকল নিউ ইয়র্কবাসীদের জীবন অনেক বেশি উন্নত করার অবস্থানে স্থাপন করে।"

লেক্সিও থেরাপিউটিক্সের (LEXEO Therapeutics) প্রধান নির্বাহী কর্মকর্তা আর. নোল্যান্ড টাউনসেন্ড বলেন, "একটি নিউ ইয়র্কভিত্তিক বায়োটেকনোলজি কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে, আমি এই ঐতিহাসিক বিনিয়োগ দেখে অনেক খুশি, যা সিটিতে লাইফ সায়েন্স খাতের আরো বিকাশের অনুঘটক হিসেবে কাজ করবে। গুরুত্বপূর্ণ হলো, শিল্প, শিক্ষা ও সরকারি স্টেকহোল্ডারদের চলমান সহযোগিতামূলক কাজ নিউ ইয়র্কে লাইফ সায়েন্স খাতের গঠন ও সম্প্রসারণের এই গতি ত্বরান্বিত করার কাজের জন্য অতি গুরুত্বপূর্ণ।"

নিউইয়র্কবায়োর (NewYorkBIO) প্রধান নির্বাহী কর্মকর্তা জেনিফার হকস ব্র্যান্ড বলেন, "উদ্ভাবন অগ্রসর করা এবং নিউ ইয়র্ক স্টেটের লাইফ সায়েন্স শিল্পের বিকাশ ও প্রবৃদ্ধি সমর্থন হলো আমাদের মিশনের কেন্দ্রবিন্দু। SPARC কিপস বে-তে মেয়র অ্যাডামস এবং গভর্নর হোকলের অংশীদারিত্ব শিক্ষা অগ্রসর করতে এবং এই অত্যাবশ্যকীয় শিল্প খাতের ক্যারিয়ার পাইপলাইন উন্নত করার জন্য একটি নজিরবিহীন সহযোগিতামূলক বিনিয়োগ। এই বিনিয়োগটি লাইফ সাইন্সের নেতা এবং বৈজ্ঞানিক সুনৈপুণ্যের আবাস হিসেবে নিউ ইয়র্কের অবস্থান ব্যবহার করবে, যা প্রতিভার দুর্দান্ত বিকাশ এবং পরিণামে স্টার্টআপ ও কোম্পানির বিকাশের পথ তৈরি করে দিবে।"

ম্যানহাটন কমিউনিটি বোর্ড 6-র (Manhattan Community Board 6) প্রধান কাইল অ্যাথাইড বলেন, "ম্যানহাটন কমিউনিটি বোর্ড 6 বহুদিন ধরে ব্রুকডেল সাইটের আধুনিকায়নের পক্ষে কথা বলেছে এবং অতি আনন্দিত যে নেতৃবৃন্দ আমাদের আহ্বান শুনেছেন এবং একটি নতুন ও অগ্রগামী পন্থায় অগ্রসর হচ্ছেন। আমরা গভর্নর হোকল, মেয়র অ্যাডামস, চ্যান্সেলর ম্যাটোস রড্রিগেজ, এবং প্রেসিডেন্ট রাবকে ধন্যবাদ জানাচ্ছি একটি পরিকল্পনা অগ্রসর ও অর্থায়ন করার জন্য যা ম্যানহাটন কমিউনিটি জেলা 6-কে লাইফ সায়েন্স শিল্পখাতের নেতৃত্ব দিতে এবং একবিংশ শতাব্দীতে সমৃদ্ধি করার অবস্থানে স্থাপন করে। কমিউনিটি বোর্ড 6 এছাড়াও খুশি যে পরিকল্পনাটিতে সম্প্রদায়ের কিছু উন্নয়ন অন্তর্ভুক্ত হবে, যার পক্ষে আমরা অনেক বছর ধরে কথা বলছি, যেমন FDR ড্রাইভ থেকে ওয়াটারসাইড প্লাজা পর্যন্ত একটি আমেরিকানস উইথ ডিজ্যাবিলিটিজ অ্যাক্ট (Americans with Disabilities Act,ADA) অ্যাক্সেসিবল পথচারী ব্রিজ। কমিউনিটি বোর্ড 6 আমাদের সরকারি অংশীদারদের সাথে আসন্ন পরিকল্পনা প্রক্রিয়ায় সক্রিয়ভাবে জড়িত থাকতে উন্মুখ।"

অ্যালবার্ট এবং ম্যারি লাস্কার ফাউন্ডেশনের (Albert and Mary Lasker Foundation) সহপ্রধান, মেয়রের লাইফ সায়েন্স উপদেষ্টা পরিষদ (Mayor's Life Sciences Advisory Council), এবং প্রেসিডেন্ট ক্লেয়ার পমেরয় বলেন, "আমরা গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামসের প্রশংসা করছি এই ঐতিহাসিক ঘোষণার জন্য। নতুন SPARC কিপস বে আমাদের নিউ ইয়র্ক সিটি সম্প্রদায় এবং বিশ্বের মানুষের স্বাস্থ্য উন্নত করতে কাজ করতে থাকা বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের বিজ্ঞানী, ক্লিনিশিয়ান, এবং সরকারি চাকরিজীবীদের জন্য একটি অতি গুরুত্বপূর্ণ এবং অনুপ্রেরণাদায়ক বিনিয়োগ। মেয়রের লাইফ সায়েন্স উপদেষ্টা পরিষদের সহপ্রধান হিসেবে, আমি এই নতুন শিক্ষা, ক্যারিয়ার প্রশিক্ষণ ও উদ্ভাবন কেন্দ্রকে সমর্থন করতে পেরে অতি আনন্দিত।"

লুইস টমাস ইউনিভার্সিটির (Lewis Thomas University) মেডিসিনের অধ্যাপক, ওয়াইল কর্নেল মেডিসিন, মেয়রের লাইফ সায়েন্স উপদেষ্টা পরিষদ (Weill Cornell Medicine, Mayor's Life Sciences Advisory Council), হ্যারল্ড ভার্মাস বলেন, "আজকের মেয়র ও গভর্নরের ঘোষণা আমরা যারা NYCEDC-কে এর একাধিক প্রকল্পে উপদেশ প্রদান করছি ক্যাপিটাল বিনিয়োগ, রিয়েল এস্টেট ডেভেলপমেন্ট, এবং স্থানীয় প্রতিবার প্রশিক্ষণের মাধ্যমে লাইফ সায়েন্স এন্টারপ্রাইজ সম্প্রসারণ উৎসাহিত করতে, তাদের জন্য খুবই স্বাগত একটি সংবাদ। ইতিমধ্যেই অনেক অগ্রগতি করা হয়েছে, এবং নতুন পরিকল্পনাসমূহ ভবিষ্যৎ বিকাশের গতিকে ত্বরান্বিত করবে বলে আশা করা যাচ্ছে।"

নিউ ইয়র্ক সিটির পার্টনারশিপ ফান্ডের (Partnership Fund for New York City) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা মারিয়া গশ্চ বলেন, "এই নতুন গবেষণা কেন্দ্রটি নিউ ইয়র্ক সিটিতে লাইফ সাইন্সের বিকাশ ত্বরান্বিত করবে এবং কিপস বে-তে একটি সম্প্রসারিত কেন্দ্র তৈরি করবে, যা বর্তমানে আলেক্সান্ড্রিয়া কেন্দ্রে (Alexandria Center) নোঙ্গর করা আছে। বড় সরকারি ও বেসরকারি বিনিয়োগের কল্যাণে, লাইফ সায়েন্স সিটির অর্থনীতির একটি উজ্জ্বল নিদর্শন হয়ে উঠেছে, হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টি করছে এবং বেসরকারি খাত থেকে অতিরিক্ত মিলিয়ন মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগকে আকৃষ্ট করছে। ক্যাম্পাসটি এছাড়াও চাকরির প্রশিক্ষণ এবং কর্মীবাহিনী বিকাশের উদ্যোগসমূহকে উন্নত করবে যা দক্ষতার ঘাটতি পূরণে এবং লাইফ সায়েন্স প্রতিভার একটি পাইপলাইন তৈরিতে প্রয়োজন। আমরা মেয়র অ্যাডামস এবং গভর্নর হোকলকে এই শিল্পের প্রতি তাদের অব্যাহত সমর্থনের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

স্টুইভেস্যান্ট টাউন-পিটার কুপার গ্রামের ভাড়াটিয়া অ্যাসোসিয়েশনের (Stuyvesant Town-Peter Cooper Village Tenants Association) প্রেসিডেন্ট সুজান স্টাইনবার্গ বলেন, "আমরা কৃতজ্ঞ যে নিউ ইয়র্ক স্টেট ও নিউ ইয়র্ক সিটির মধ্যকার অংশীদারিত্ব 23 স্ট্রিট ও 34 স্ট্রিটের মধ্যকার বিদ্যমান স্বাস্থ্য ও বায়োসায়েন্স করিডোরকে সম্প্রসারিত করতে ব্রুকডেল সাইটকে ব্যবহার করবে। আমরা এই সহযোগিতামূলক কাজ থেকে পাওয়া শিক্ষা, প্রশিক্ষণ ও চিকিৎসা সেবার জন্য উন্মুখ হয়ে আছি যা সম্প্রদায়কে লাভবান করবে।"

ওয়াটারসাইড ভাড়াটিয়া অ্যাসোসিয়েশনের (Waterside Tenants Association) প্রেসিডেন্ট জ্যানেট হান্ডাল বলেন, "ওয়াটারসাইড ভাড়াটিয়া অ্যাসোসিয়েশন অত্যন্ত আনন্দিত এটি জানতে পেরে যে হান্টার ব্রুকডেল ক্যাম্পাসের পুনর্গঠনের পরিকল্পনা করা হয়েছে, যা সম্প্রদায়ে একটি নতুন হাইস্কুল এবং পেশাদার প্রশিক্ষণ কর্মসূচি এবং উচ্চমানের কর্মসংস্থান নিয়ে আসবে। আমরা বিশেষভাবে খুশি যে এই প্রকল্পের অংশ হিসেবে ওয়াটারসাইড থেকে 25 স্ট্রিটকে সংযুক্তকারী একটি নতুন ADA-অনুসারী ফুটব্রিজ গঠন করা হবে আমরা NYCEDC-র সাথে সম্প্রদায়ের পরিকল্পনা প্রক্রিয়ায় কাজ করতে উন্মুখ যাতে নিশ্চিত করা যায় যে সম্প্রদায়ের চিন্তা ও চাহিদাকে মূল পরিকল্পনার অন্তর্ভুক্ত করা যায়।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418